# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১.৫ (ক) নখ কাটা, (খ) বগলের লোম ও (গ) নাভির নিচের লোম পরিষ্কার করা - ২৭. এ কর্মগুলো কোন দিক থেকে শুরু করা সুন্নাত?

এ কাজগুলো ডানদিকে শুরু করবে। বুখারীর ১৬৮ নং হাদীসে আছে যে, রাসূলুল্লাহ (স) প্রায় প্রত্যেক কাজই ডানদিক থেকে শুরু করতে পছন্দ করতেন। যেমন- কাপড় ও জুতা পরিধান, মসজিদে প্রবেশ, দাঁত মাজা, চুল আঁচড়ানো, মাথা মুণ্ডন, সালাতের সালাম ফেরানো, শরীরের অঙ্গ ধৌত করা, টয়লেট থেকে বের হওয়া, খাবার ও পানীয় গ্রহণ, মুসাফাহা করা, কাবা ঘরের হাজারে আসওয়াদ স্পর্শ করা, শয়ন ও পথচলা ইত্যাদি যাবতীয় কাজ ডানদিক থেকে শুরু করা সুন্নাত। তবে কেবল পরিচ্ছন্নতার কাজগুলো বামদিকে করবে। যেমন টয়লেটে প্রবেশ, ইস্তিনজা করা, নাক পরিষ্কার, জুতা ও কাপড় খোলা, থুথু নিক্ষেপ ইত্যাদি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12759

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন